মেহেরপুরে জেলা বিএনপির বর্ধিত সভা অনুষ্টিত

মেহেরপুর জেলা বিএনপির আয়োজনে অনুষ্ঠিত বর্ধিত সভায় নেতৃবৃন্দ সংগঠনের ঐক্য, শৃঙ্খলা এবং ভবিষ্যৎ আন্দোলন-সংগ্রাম জোরদারের আহ্বান জানান। আজ শনিবার সকালে মেহেরপুর শহরের খান কমিউনিটি সেন্টারে এ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক সংসদ সদস্য ও বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য এবং দলের মনোনীত প্রার্থী মাসুদ অরুন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন সাবেক সংসদ সদস্য ও বিএনপির মনোনীত প্রার্থী আমজাদ হোসেন।

বক্তারা বলেন, দলের ভেতরে কোনো ধরনের বিভ্রান্তি বা বিভেদ নেই। সবাইকে ঐক্যবদ্ধ থেকে সাংগঠনিক কার্যক্রম আরও শক্তিশালী করতে হবে। তৃণমূল পর্যায়ে দলের অবস্থান সুদৃঢ় করতে নেতাকর্মীদের সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানান তারা।

বর্ধিত সভা সঞ্চালনা করেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। সভায় জেলা ও উপজেলা পর্যায়ের বিএনপি ও অঙ্গসংগঠনের বিপুলসংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

সবজির দাম স্থিতিশীল, কাঁচা মরিচ ঊর্ধ্বমুখী

মেহেরপুর কাঁচাবাজারে গত সপ্তাহ ও এই সপ্তাহে সবজির দাম স্থিতিশীল থাকলেও কাঁচা মরিচের দাম একটু বাড়তি লক্ষ্য করা গিয়েছে। সপ্তাহের ব্যবধানে কাঁচা মরিচসহ কয়েকটি সবজির দামে কেজিপ্রতি ১০ থেকে ২০ টাকা পর্যন্ত ওঠানামা দেখা গেছে।

পাইকারি বাজারে নতুন আলু ২৫ টাকায় অপরিবর্তিত, পেয়াজের দাম কমে ৪০ টাকায়, রসুন ৪৫ টাকায় অপরিবর্তিত, কাচা মরিচ ৭০ টাকা থেকে বেড়ে ৯০-৯২ টাকা, আদা ১০ টাকা বেড়ে ১৩০ টাকা।

বেগুন ৩০ টাকা বেড়ে ৪৫ টাকা, শিম ও মূলা ১০ ও ৩০ টাকায় স্থিতিশীল, পটল ৯০ টাকা থেকে বেড়ে ১১৫, টমেটো ৬০ টাকা থেকে বেড়ে ৭০ টাকায়, শশা ৬৫ টাকায় স্থিতিশীল, পেঁপে ২০ টাকায় স্থিতিশীল রয়েছে।

শীতকালীন সবজির মধ্যে ফুলকপি ২০ টাকা কেজি, বাধাকপি ১৫ টাকা কেজি ও পালংশাক ১৫ টাকা কেজিতে বিক্রি হচ্ছে।

খুচরা বাজারে নতুন আলু ৩০ টাকায় অপরিবর্তিত, পেয়াজ ৫৫ টাকা থেকে ৬০ টাকা পর্যন্ত, রসুন ৬০ টাকায় অপরিবর্তিত, কাচা মরিচ ৮০ টাকা থেকে বেড়ে ১২০ টাকা, আদা ১৬০ টাকা।

বেগুনে ২০ টাকা বেড়ে ৬০ টাকা, শিম ও মূলা ২০ ও ৪০ টাকায় স্থিতিশীল, পটলের দাম বেড়ে ১৪০ টাকা, টমেটো ৮০ টাকায় অপরিবর্তিত , শশায় ২০ টাকা বেড়ে কেজিপ্রতি ৯০ টাকায়, পেঁপে ২৫ টাকায় স্থিতিশীল রয়েছে।

শীতকালীন সবজির মধ্যে ফুলকপি ৩০ টাকা কেজি, বাধাকপি ২৫ টাকা কেজি ও পালংশাকে ১০ টাকা কমে ৩০ টাকা কেজিতে বিক্রি হচ্ছে।

মাছের বাজারে রুই ৩৫০, তেলাপিয়া ১২০-১৫০, পাঙাস ১৫০-১৮০, সিলভার ১৬০, জিওল ৩০০, ইলিশ ৪০০-১৪০০, দেশি চিংড়ী ১০০০, গলদা ৮০০ টাকা।

মুরগীর বাজারে ব্রয়লার মুরগি ১৬০, সোনালি মুরগি ও লেয়ার মুরগি কেজিপ্রতি ২৬০ টাকা করে বিক্রি হচ্ছে ৷ ছাগলের মাংস ১১০০ টাকায় এবং গরুর মাংস ৭৫০ টাকায় অপরিবর্তিত।

সবজি বিক্রেতারা বলেন,আমরা তো আর ইচ্ছা করে দাম বাড়াচ্ছি না। পাইকারি বাজার থেকেই আগের চেয়ে বেশি দামে কাচাঁ মরিচ কিনতে হচ্ছে। তাছাড়া অন্য সকল সবজির দাম স্থিতিশীল রয়েছে।

বাজার করতে আসা ক্রেতারা বলেন, গত সপ্তাহ এবং এই সপ্তাহে সবজির দাম ঠিকই আছে তবে কাঁচামরিচ আগের সপ্তাহে কম দামে কিনেছিলাম কিন্তু এই সপ্তাহে অনেকটাই বেড়েছে।

মেহেরপুর তহবাজার ব্যবসায়ী সমিতির সভাপতি হাফিজুর রহমান বলেন,

শীতকালীন সবজির সরবরাহ ভালো থাকায় সবজির দাম স্থিতিশীল রয়েছে।

মেহেরপুরে প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা সম্পন্ন

মেহেরপুরে প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। গতকাল শুক্রবার দুপুরে জেলার ৭টি কেন্দ্রে একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, মেহেরপুর জেলার বিভিন্ন এলাকা থেকে মোট ৪ হাজার ৭শ জন পরীক্ষার্থী অংশগ্রহণের কথা থাকলেও পরীক্ষায় ১ হাজার ১৯ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন।

পরীক্ষা চলাকালে কেন্দ্রগুলো পরিদর্শন করেন, জেলা প্রশাসক ড. এনামুল কবির, অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ এবং মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম।

প্রশাসন সূত্র জানায়, সুষ্ঠু, নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা গ্রহণে পর্যাপ্ত নিরাপত্তা ও তদারকির ব্যবস্থা গ্রহণ করা হয়। পরীক্ষাকালীন সময়ে কোথাও কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

মেহেরপুরে জুম্মার নামাজের সময় দুই গ্রামের দুটি মোটরসাইকেল

চুরি

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের দুটি গ্রাম থেকে জুম্মার নামাজের সময় পৃথক দুটি মোটরসাইকেল চুরির ঘটনা ঘটেছে। গতকাল শুক্রবার দুপুরে এসব চুরির ঘটনা ঘটে।

অভিযোগ সূত্রে জানা গেছে, মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের উজলপুর গ্রামের ইয়ারুল ইসলামের ছেলে রাসেল জুম্মার নামাজ আদায়ের উদ্দেশ্যে নিজের ১৫০ সিসি পালসার মোটরসাইকেল নিয়ে স্থানীয় মসজিদে যান। নামাজ শেষে মসজিদ থেকে বের হয়ে তিনি দেখতে পান, তার মোটরসাইকেলটি সেখানে নেই। চুরি হওয়া মোটরসাইকেলটির রেজিস্ট্রেশন নম্বর মেহেরপুর-ল-১২-৪২৪৯।

একই সময়ে একই ইউনিয়নের রামদাসপুর গ্রামের মিনারুল ইসলামের ছেলে শহীদের মোটরসাইকেলও চুরি হয়। শহীদ বাড়ি থেকে নিজের মোটরসাইকেল নিয়ে রামদাসপুর গ্রামের মসজিদে জুম্মার নামাজ আদায় করতে যান। নামাজ শেষে বের হয়ে তিনি আর তার মোটরসাইকেলটি খুঁজে পাননি। চুরি হওয়া মোটরসাইকেলটির রেজিস্ট্রেশন নম্বর মেহেরপুর-হ-১৩-১৩৪৪।

এ ঘটনায় ভুক্তভোগীরা মেহেরপুর সদর থানায় পৃথক দুটি লিখিত অভিযোগ দায়ের করেছেন।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) হুমায়ুন কবীর ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন,

“লিখিত অভিযোগ পেয়েছি। পুলিশ বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করছে। তদন্তের ভিত্তিতে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।”

মেহেরপুরের বলিয়ারপুরে শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার বলিয়ারপুর গ্রাম বিএনপি’র আয়োজনে বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বিদেহী

আত্মার মাগফেরাত কামনায় শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বাদ আসর বলিয়ারপুর পুর্বপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। সাবেক ইউপি সদস্য মহিউদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিশিষ্ট ব্যবসায়ী হাজি লিয়াকত আলী সর্দার, বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম মল্লিক, সাবেক ইউপি চেয়ারম্যান শামসুল আলম।

অনুষ্ঠান সঞ্চালনা করেন, সাবেক যুবদল সভাপতি আরিফ হোসেন। এসময় উপস্হিত ছিলেন বিএনপি নেতা জাহাঙ্গীর মাস্টার, আলিহিম, হায়দার, বজলু, হুমায়ুন কবির, লস্কর আলী, শামসুল আলম, ফরিদ হোসেন, রফিক, সুরুজ, মিলন, আবুল কালাম, সিরাজুল ইসলাম সহ পিরোজপুর ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন গ্রামের নেতৃবৃন্দ।

মেহেরপুরের গাংনী বাজারে মনোহারী গুদামঘরে অগ্নিকান্ড: লক্ষাধিক টাকার মালামাল ভস্মীভূত

মেহেরপুরের গাংনী বাজারে মনিরুল মনোহারী গুদামঘরে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। এ ঘটনায় লক্ষাধিক টাকার মালামাল ভস্মীভূত হয়েছে। গ্তকাল বৃহস্পতিবার দিবাগত রাতে এ অগ্নিকান্ডের ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, রাতে গাংনী বাজারের থানা মোড়স্থ মনিরুল মনোহারীর গুদামঘর থেকে ধোয়া বেরাতে দেখে বাজারের কয়েকজন ব্যক্তি। পরে বিষয়টি মনোহারীর মালিক মনিরুল ইসলামকে জানালে, তিনি এসে গুদামঘর খুলেন। এসময় দোকানের মালামাল পুড়তে দেখে স্থানীয় বামন্দী ফায়ার সার্ভিসে খবর দেওয়া হয়। পরে ফায়ার সার্ভিসের একটি দল এসে আগুন নিয়ন্ত্রণে আনে।

অগ্নিকান্ডে আনুমানিক এক লক্ষাধিক টাকার মালামাল ভস্মীভূত হয়েছে বলে জানান, গুদামঘর মালিক মনিরুল ইসলাম।

গণভোট সম্পর্কে জনগণকে জানাতে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ

মেহেরপুরের জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির বলেন, গণভোটের প্রচার-প্রচারণা বিষয়ে লিফলেট বিতরণ, স্থানীয় টিভি চ্যানেলে প্রচার, মাইকিং, ব্যানার, সামাজিক যোগাযোগমাধ্যমসহ বিভিন্ন সভা ও মতবিনিময়ের মাধ্যমে কার্যক্রম পরিচালনার প্রস্তাব এসেছে। গণভোট আসলে কী; তা আমাদের সকল স্তরের মানুষের কাছে পৌঁছে দিতে হবে।

তিনি আরও বলেন, জুমার দিনে প্রতিটি মসজিদে গণভোট বিষয়ে প্রচার চালানো যেতে পারে। সামনে বেশ কয়েকটি শুক্রবার রয়েছে। জেলা পর্যায়ের সকল সরকারি কর্মকর্তা যদি জুমার দিনে মসজিদে গিয়ে জনগণকে গণভোট বিষয়ে উদ্বুদ্ধ করেন, তাহলে তা একটি ভালো উদ্যোগ হবে বলে আমি মনে করি।

গতকাল বৃহস্পতিবার বিকেল ৩টায় জেলা প্রশাসকের কার্যালয়ে গণভোটের ব্যাপক প্রচার-প্রচারণার লক্ষ্যে কর্মপরিকল্পনা গ্রহণ বিষয়ে এক মতবিনিময় সভায় সভাপতির বক্তব্যে এসকল কথা বলেন তিনি।

জেলা প্রশাসক আরো বলেন, স্থানীয় চ্যানেলে প্রচারের জন্য একটি সংক্ষিপ্ত ভিডিও তৈরি করে জেলা তথ্য অফিসে প্রদান করা হবে। এরপর ইউনিয়নভিত্তিক প্রচার-প্রচারণা শুরু করা হবে, যেহেতু প্রত্যেক ইউনিয়নে প্রশাসক রয়েছেন। পাশাপাশি শহরের সকল সরকারি অফিসের কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের নিয়ে একটি টিম গঠন করে প্রত্যেকটি গ্রামের হাটের দিনে হাটে গিয়ে গণভোটের প্রচার চালানো হবে।

এছাড়াও সকল সরকারি অফিসের নিজস্ব ফেসবুক পেজে প্রচারের জন্য রিলস ভিডিও তৈরি করে গণভোট বিষয়ে প্রচার-প্রচারণা চালানোর কথা জানান তিনি।

স্থানীয় সরকারের উপপরিচালক খাতুনে জান্নাতের সঞ্চালনায় এসময় আরো বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ আতিকুল হক, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, জেলা নির্বাচন কর্মকর্তা মো. এনামুল হক, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খাইরুল ইসলাম, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, ইসলামিক ফাউন্ডেশনের উপর পরিচালক এ জে এম সিরাজুম মুনীর প্রমুখ বক্তব্য রাখেন।

বক্তারা গণভোটকে সামনে রেখে প্রচার-প্রচারণা কার্যক্রম জোরদার করা, সাধারণ জনগণকে উদ্বুদ্ধ করা এবং সুষ্ঠু ও অংশগ্রহণমূলক পরিবেশ নিশ্চিত করতে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

এ সময় জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, সংশ্লিষ্ট দপ্তরের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় ভিডিও প্রদর্শনীর মাধ্যমে গণভোট কী, কীভাবে ভোট দিতে হবে তা উপস্থাপন করা হয়।

মেহেরপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলা প্রশাসন ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের উদ্যোগে সদর উপজেলা পর্যায়ে জাতীয় শিক্ষা সপ্তাহ প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০টায় মেহেরপুর কবি নজরুল শিক্ষা মঞ্জিল মিলনায়তনে এ প্রতিযোগিতার উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম উপস্থিত থেকে আনুষ্ঠানিকভাবে প্রতিযোগিতার উদ্বোধন করেন।

সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন কবি নজরুল শিক্ষা মঞ্জিলের প্রধান শিক্ষক সানজিদা ইসলাম।

জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে আয়োজিত এ প্রতিযোগিতায় সদর

উপজেলার বিভিন্ন বিদ্যালয় ও কলেজের শিক্ষার্থীরা প্রায় ৪০টি ইভেন্টে অংশগ্রহণ করছে।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা অফিসের গবেষণা কর্মকর্তা আক্তার হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার মনিরুল ইসলাম, উপজেলা সমাজসেবা অফিসার আনিসুর রহমানসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও শিক্ষকবৃন্দ।

মেহেরপুরের ফররুখ আহমেদের ‘লং সার্ভিস ডেকোরেশন’ অর্জন

মেহেরপুর জেলা রোভার স্কাউটের ডিস্ট্রিক্ট রোভার স্কাউট লিডার (ডিআরএসএল) ও মেহেরপুর পৌর ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ফররুখ আহমেদ (উডব্যাজার) বাংলাদেশ স্কাউট কর্তৃক জাতীয় পর্যায়ে সম্মানসূচক ‘লং সার্ভিস ডেকোরেশন’ অ্যাওয়ার্ড অর্জন করেছেন।

দীর্ঘদিন স্কাউট আন্দোলনে নিষ্ঠা, ত্যাগ ও অবদানের স্বীকৃতিস্বরূপ তাকে এ সম্মাননা প্রদান করা হয়। এর আগেও ফররুখ আহমেদ বাংলাদেশ স্কাউট কর্তৃক সম্মানসূচক ‘মেডেল অব মেরিট’ লাভ করেন। পাশাপাশি তিনি খুলনা বিভাগের শ্রেষ্ঠ রোভার সম্পাদক হওয়ার গৌরব অর্জন করেছেন।

ফররুখ আহমেদ একজন অ্যাডাল্ট লিডার হিসেবে প্রায় ২৩ বছর ধরে স্কাউট আন্দোলনের সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত রয়েছেন। তিনি জেলা রোভার স্কাউটের সম্পাদকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি রোভার স্কাউটের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

তার এই সম্মাননা অর্জনে স্কাউট মেহেরপুর প্রতিদিন তাকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন।

মুজিবনগরে অপহরণের ৮ ঘণ্টা পর কলেজছাত্র উদ্ধার, পুলিশকে লক্ষ্য করে ককটেল নিক্ষেপ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর এলাকা থেকে অপহরণের ৮ ঘণ্টা পর মাহিদ হোসেন নামের এক কলেজ ছাত্রকে উদ্ধার করেছে পুলিশ।

এ সময় অভিযানে বাধা দিতে পুলিশকে লক্ষ্য করে ককটেল নিক্ষেপ করে অপহরণকারীরা। তবে তারা পালিয়ে যায়।

অপহৃত মাহিদ হোসেন মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের বাবুপুর গ্রামের চাকরিজীবী আমির উদ্দিনের ছেলে।

পুলিশ জানায়, অপহরণের পর মাহিদের পরিবারের কাছে ৩০ লাখ টাকা মুক্তিপণ দাবি করা হয়। পরে অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খানের নেতৃত্বে মুজিবনগর থানা ও জেলা গোয়েন্দা শাখা (ডিবি)সহ পুলিশের একাধিক দল তথ্যপ্রযুক্তির সহায়তায় অভিযান চালায়। রাত ২টার দিকে টেংরামারী গ্রামের একটি মাঠ থেকে চোখ ও হাত বাঁধা অবস্থায় মাহিদকে উদ্ধার করা হয়।

এ সময় অপহরণকারীরা পুলিশকে লক্ষ্য করে দুটি শক্তিশালী ককটেল বিস্ফোরণ ঘটায়। পুলিশকে দেখে তারা মাহিদকে ফেলে পালিয়ে যায়।

পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় বলেন, অপহরণের খবর পাওয়ার পরপরই পুলিশের একাধিক টিম মাঠে নামে। অপহৃতের মামার মুঠোফোনে মুক্তিপণ নিয়ে কথোপকথনের সূত্র ধরে অপহরণকারীদের অবস্থান শনাক্ত করা হয়। অপহৃতকে উদ্ধারে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে অভিযান চালানো হয়েছে। অপহরণকারীদের শনাক্ত করে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

প্রসঙ্গত, মঙ্গলবার রাতে মাহিদ হোসেন তার দুই বন্ধু রিয়াদ ও জুনায়েদকে নিয়ে মুজিবনগর বাজার থেকে বাড়ি ফিরছিলেন। পথে কোমরপুর এলাকার একটি ইটভাটার কাছে পৌঁছালে অজ্ঞাত কয়েকজন তাদের তিনজনকেই

[illegible]